

শোক সংবাদ


ঢাকা, ২১ ডিসেম্বর, ২০১৪

পাট, পেঁপে, রাবার এবং ছত্রাক জিনোম আবিষ্কারক বিজ্ঞানী মাকসুদুল আলম এর মৃত্যুতে
মাননীয় কৃষিমন্ত্রীর শোক

পাট, পেঁপে, রাবার এবং ছত্রাক জিনোম আবিষ্কারক, বিজ্ঞানী মাকসুদুল আলম এর মৃত্যুতে মাননীয় কৃষিমন্ত্রী গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে মাননীয় মন্ত্রী বলেন, মাকসুদুল আলম বাংলাদেশের সোনালী আঁশ খ্যাত পাটের জীন আবিষ্কারক। তাঁর এ আবিষ্কার বাংলাদেশের জন্য এক অনন্য অর্জন। পাটের জীন আবিষ্কারের ফলে পাটের বহুমুখী ব্যবহারের ক্ষেত্র তৈরী হয়েছে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ একজন অনন্য বিজ্ঞানীকে হারালো।

মাননীয় কৃষিমন্ত্রী মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

 ২১.১২.১৪

বিবেকানন্দ রায়

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail-vivekroy07@yahoo.com